# অনুশীলন বই

## বাংলা

## দ্বিতীয় শ্রেণি



# অনুশীলন বই

## বাংলা

### দ্বিতীয় শ্রেণি

## আমার পরিচয়

আমার নাম : .....

আমার মায়ের নাম :.....

আমার বাবার নাম :.....

আমার বিদ্যালয়ের নাম :.....

আমি যে শ্রেণিতে পড়ি :.....

আমার রোল নম্বর :.....

আমার গ্রাম/শহরের নাম :.....

আমার দেশের নাম :.....

আমার পছন্দের খেলা :.....

আমার ছবি

প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
কর্তৃক প্রকাশিত ও সর্বস্বত্ব সংরক্ষিত

প্রকাশকাল
সেপ্টেম্বর ২০২২

সার্বিক পরিকল্পনা
বাংলাদেশ কোভিড-১৯ স্কুল সেক্টর রেসপন্স প্রজেক্ট
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

সহায়তায়
বিশ্বব্যাংক, জিপিই, ইউনিসেফ বাংলাদেশ

প্রচ্ছদ ও অলঙ্করণ
এক্সপ্রেশনস লিমিটেড

মুদ্রণে
ইন্টারগ্রাফিক লিমিটেড

# অনুশীলন বই ব্যবহারের নির্দেশনা

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) প্রণীত পাঠ্যপুস্তকের বিষয়বস্তুর ওপর ভিত্তি করেই এই অনুশীলন বইটি তৈরি করা হয়েছে। এখানে ৫ ধরনের পাঠ আছে। বিভিন্ন ধরনের পাঠের ওপর ভিত্তি করে প্রয়োজনীয় বিষয়বস্তু নির্ধারণ করা হয়েছে। পাঠগুলো দ্বিতীয় শ্রেণির পাঠ্যবই থেকেই নেওয়া হয়েছে। পাঠগুলোকে কখনো কখনো সংক্ষেপিত করা হয়েছে। সহজ শব্দে বিষয়বস্তুকে সাজানো হয়েছে। প্রয়োজনীয় অনুশীলনের সুযোগও রাখা হয়েছে। এ ক্ষেত্রে পাঠ্যবইয়ে দেওয়া ভাষাদক্ষতা উন্নয়নের সহায়ক কাজের মতো করে অনুশীলন কাজ রাখা হয়েছে। যেমন – বর্ণ পড়া ও লেখা, ব্যঞ্জন বর্ণের সাথে কারচিহ্ন যুক্ত করে পড়ার অনুশীলন, বর্ণ, বিরামচিহ্নের ব্যবহার, পড়া, শব্দের অর্থ, বাক্য তৈরি করে লেখা ও পড়া, বিপরীত শব্দ, প্রশ্নের উত্তর লেখা ও পড়া এবং ছবি দেখে বাক্য লেখা। এর উদ্দেশ্য হলো, শিক্ষার্থীরা যেন আনন্দ নিয়ে শিখতে পারে এবং শিক্ষার্থীর ভাষার দক্ষতা বৃদ্ধি পায়। এই অনুশীলন বইটি ব্যবহারের জন্য শিক্ষক ও অভিভাবকগণের সহায়তার প্রয়োজন রয়েছে। এ ক্ষেত্রে শিক্ষক নিচের নির্দেশনাসমূহ অনুসরণ করবেন –

- এই অনুশীলন বইটি শিক্ষার্থীকে দেওয়ার আগে অভিভাবকগণকে অবহিত করবেন;
- শ্রেণিতে যে বিষয়বস্তু (গল্প, কবিতা ইত্যাদি) পড়ানো হচ্ছে তার সাথে মিল রেখে অনুশীলন বইয়ে দেওয়া কাজ শিক্ষার্থীদের নির্ধারণ করে দিবেন;
- এই অনুশীলন বইটি শিক্ষার্থীকে দিয়ে কোন দিনে, কোন সময় কাজের কতটুকু অংশ করতে হবে তা বুঝিয়ে দিবেন। প্রয়োজনে অভিভাবকগণকে এ বিষয়টি জানানোর জন্য শিক্ষার্থীকে বলে দিবেন;
- শিক্ষার্থীকে নির্দিষ্ট কাজটি করতে উৎসাহ প্রদান করবেন;
- বাড়িতে কাজটি করার বিষয়ে অভিভাবকগণের মাধ্যমে জানার চেষ্টা করবেন;
- অনুশীলন বইয়ে একাধিক মূল্যায়ন শিট রয়েছে। শিক্ষার্থী মূল্যায়ন শিটের নির্দেশনা অনুযায়ী সেটি পূরণ করবে বা কাজটি করবে।
- শিক্ষার্থী পূরণকৃত মূল্যায়ন শিটটিতে শ্রেণি, নাম, রোল লিখে শিটটি বই থেকে বিচ্ছিন্ন করে শিক্ষকের কাছে জমা দিবে।
- শিক্ষক সময়মতো শিক্ষার্থীর কাজটি দেখে যাচাই করবেন এবং প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবেন; দরকার হলে পুনরায় কাজটি করার জন্য উৎসাহ দিবেন;
- কাজটি করার পর শিক্ষার্থীকে ওই কাজ অভিভাবককে দেখাতে নির্দেশনা দিবেন;
- যদি কোনো শিক্ষার্থীর শিখন ঘাটতি বেশি পরিলক্ষিত হয় এবং বর্তমান শ্রেণি শিখন শেখানো কাজে সাবলীলভাবে অংশগ্রহণে তার জন্য অসুবিধা হয়, তাহলে শিক্ষক তাকে ঐ পাঠের সাথে মিল রেখে পূর্ববর্তী শ্রেণির অনুশীলন বইয়ের কাজগুলো করতে দিবেন;
- অনুশীলন বইয়ে প্রদত্ত কাজগুলো করার জন্য পরিবারের সদস্যদের সহায়তা নিতে শিক্ষার্থীদের উৎসাহিত করবেন;
- প্রয়োজনে নিজের বাড়িতে বা বাড়ির পাশে উপরের শ্রেণিতে পড়ে এমন ছাত্র–ছাত্রীদের সাহায্য নিয়ে কাজগুলো করার পরামর্শ দিবেন;
- শিক্ষার্থীকে কাজ শেষে অনুশীলন বইটি ব্যাগে রাখতে এবং যথাযথভাবে ব্যবহার করতে উৎসাহিত করবেন;
- সর্বোপরি সংশ্লিষ্ট সকল শিক্ষক, অভিভাবক, শিক্ষার্থী যেন অনুশীলন বইটির গুরুত্ব ও প্রয়োজনীয়তা অনুধাবন করতে পারে সেই ব্যবস্থা করবেন।

# স্বরবর্ণ

## পড়ি ও লিখি



অ

অলি



আ

আতা



ই

ইলিশ



ঈ

ঈগল



উ

উট

## পড়ি ও লিখি



ঊ

ঊর্মি



ঋ

ঋতু



এ

একতারা



ঐ

ঐরাবত



ও

ওল




ঔ

ঔষধ

# ব্যঞ্জনবর্ণ

## পড়ি ও লিখি



কলম

ক





খবর

খ





গম

গ





ঘর

ঘ





ব্যাঙ

ঙ



## পড়ি ও লিখি



চশমা

চ



ছবি

ছ



জল

জ



ঝড়

ঝ



মিঞা

ঞ

## পড়ি ও লিখি



টগর

ট



ঠোঙা

ঠ



ডাব

ড



ঢাক

ঢ



চরণ

ণ

## পড়ি ও লিখি



ত



তবলা



থ



থালা



দ



দই



ধ



ধামা



ন



নাও



## পড়ি ও লিখি



পাতা

প





ফল

ফ





বক

ব





ভালুক

ভ





ময়না

ম



## পড়ি ও লিখি



য

যব



র

রথ



ল

লতা



শ

শসা



ষ

ষাঁড়

## পড়ি ও লিখি



সবুজ

স





হলুদ

হ





ঝড়

ড়





আষাঢ়

ঢ়





পায়রা

য়



## পড়ি ও লিখি



উৎসব

ৎ



সং

ং



দুঃখ

ঃ



চাঁদ

ঁ

# আ-কার া

## ১.আ-কার (া) চিনি

আ → া → আ–কার

## ২. ডট মিলিয়ে আ-কার (া) লিখি




## ৩. আ-কার (া) লিখি ও শব্দ পড়ি

ড ব | জ ম | ঢ ক | ঘ স

## ৪. পড়ি ও লিখি

ভাত খায়।
গান গায়।

# ই-কার ি

## ১. ই-কার (ি) চিনি

ই → ি → ই-কার

## ২. ডট মিলিয়ে ই-কার (ি) লিখি




## ৩. ই-কার (ি) লিখি ও শব্দ পড়ি

| | | | |
|---|---|---|---|
| ড ম | প ড় | ছ প | ত ম |

## ৪. পড়ি ও লিখি

বই পড়ি।
আম পাড়ি।

# ঈ-কার ী

## ১. ঈ-কার (ী) চিনি

ঈ → ী → ঈ-কার

## ২. ডট মিলিয়ে ঈ-কার (ী) লিখি




## ৩. ঈ-কার (ী) লিখি ও শব্দ পড়ি

| | | | |
|---|---|---|---|
| ত র | গ ত | ন ল | শ ত |

## ৪. পড়ি ও লিখি

| | | |
|---|---|---|
| বীণা গায় গীত।<br>আজ ভারি শীত। | | |



# উ-কার ু

## ১. উ-কার ( ু ) চিনি

| | | | | |
|---|---|---|---|---|
| উ | → | ু | → | উ–কার |

## ২. ডট মিলিয়ে উ-কার ( ু ) লিখি

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |

## ৩. উ-কার ( ু ) লিখি ও শব্দ পড়ি

| | | | |
|---|---|---|---|
| খক | মম | ঘঘ | ফল |

## ৪. পড়ি ও লিখি

| | | |
|---|---|---|
| খুকু খায় ঝাল মুড়ি। | | |



# ঊ-কার ৃ

## ১. ঊ-কার ( ৃ ) চিনি

ঊ → ৃ → ঊ–কার

## ২. ডট মিলিয়ে ঊ-কার ( ৃ ) লিখি

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ৃ | ৃ | | | | | | |

## ৩. ঊ-কার ( ৃ ) লিখি ও শব্দ পড়ি

| | | | |
|---|---|---|---|
| সর্ষ | দর | কপ | মল |

## ৪. পড়ি ও লিখি

| | | |
|---|---|---|
| নূপুর চায় রঙিন জুতা। | | |



# ঋ-কার ৃ

## ১. ঋ-কার ( ৃ ) চিনি

ঋ → ৃ → ঋ–কার

## ২. ডট মিলিয়ে ঋ-কার ( ৃ ) লিখি

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
|  |  | | | | | | |

## ৩. ঋ-কার ( ৃ ) লিখি ও শব্দ পড়ি

| | | | |
|---|---|---|---|
| বষ | মগ | গহ | কষি |

## ৪. পড়ি ও লিখি

| | | |
|---|---|---|
| মৃগ তৃণ খায়।<br>ঘুঘু গান গায়। | | |

# এ-কার ে

## ১. এ-কার ( ে ) চিনি

এ → ে → এ–কার

## ২. ডট মিলিয়ে এ-কার ( ে ) লিখি

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
|  |  | | | | | | |

## ৩. এ-কার ( ে ) লিখি ও শব্দ পড়ি

| | | |
|---|---|---|
| জ ল | হ স | বল |

## ৪. পড়ি ও লিখি

| | | |
|---|---|---|
| মৃগেল মাছ করছে খেলা। | | |



# ঐ-কার ৈ

## ১. ঐ-কার ( ৈ ) চিনি

ঐ → ৈ → ঐ–কার

## ২. ডট মিলিয়ে ঐ-কার ( ৈ ) লিখি



## ৩. ঐ-কার ( ৈ ) লিখি ও শব্দ পড়ি

| | | | |
|---|---|---|---|
| বশাখ | বকাল | বঠা | তল |

## ৪. পড়ি ও লিখি

| | | |
|---|---|---|
| বৈশাখে মেলা করি। | | |

# ও-কার ো

## ১. ও-কার (ো) চিনি

ও → ো → ও–কার

## ২. ডট মিলিয়ে ও-কার (ো) লিখি




## ৩. ও-কার (ো) লিখি ও শব্দ পড়ি

ছ লা | খ কা | ঢ ল

## ৪. পড়ি ও লিখি

খোকা ছোলা খায়।
ঢুলি ঢোল বাজায়।



# ঔ-কার ৌ

## ১. ঔ-কার (ৌ) চিনি

ঔ → ৌ → ঔ–কার

## ২. ডট মিলিয়ে ঔ-কার (ৌ) লিখি




## ৩. ঔ-কার (ৌ) লিখি ও শব্দ পড়ি

| | | | |
|---|---|---|---|
| ন কা | চ কা | দ ড় | স র |

## ৪. পড়ি ও লিখি

| | | |
|---|---|---|
| নৌকায় যায় বউ।<br>মৌচাকে আছে মউ। | | |



## পড়ি ও নতুন শব্দ লিখি

| বর্ণ → কারচিহ্ন | শব্দ পড়ি | | | নতুন শব্দ লিখি | | |
|---|---|---|---|---|---|---|
| আ → া | মা | মামা | কাকা | | | |
| ই → ি | মিনি | চিনি | তিমি | | | |
| ঈ → ী | বীণা | নদী | শীত | | | |
| উ → ু | মুমু | খুকু | ঘুঘু | | | |
| ঊ → ূ | নূপুর | ময়ূর | সূর্য | | | |
| ঋ → ৃ | কৃষক | গৃহ | মৃগ | | | |
| এ → ে | ছেলে | জেলে | হেসে | | | |
| ঐ → ৈ | কৈ | বৈশাখ | বৈঠা | | | |
| ও → ো | ভোর | ঢোল | খোকা | | | |
| ঔ → ৌ | নৌকা | দৌড় | কৌটা | | | |



# কারচিহ্ন মিলিয়ে পড়ি

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ক | কা | কি | কী | কু | কূ | কৃ | কে | কৈ | কো | কৌ |
| খ | খা | খি | খী | খু | খূ | খৃ | খে | খৈ | খো | খৌ |
| গ | গা | গি | গী | গু | গূ | গৃ | গে | গৈ | গো | গৌ |
| ঘ | ঘা | ঘি | ঘী | ঘু | ঘূ | ঘৃ | ঘে | ঘৈ | ঘো | ঘৌ |
| চ | চা | চি | চী | চু | চূ | চৃ | চে | চৈ | চো | চৌ |
| ছ | ছা | ছি | ছী | ছু | ছূ | ছৃ | ছে | ছৈ | ছো | ছৌ |
| জ | জা | জি | জী | জু | জূ | জৃ | জে | জৈ | জো | জৌ |
| ঝ | ঝা | ঝি | ঝী | ঝু | ঝূ | ঝৃ | ঝে | ঝৈ | ঝো | ঝৌ |
| ট | টা | টি | টী | টু | টূ | টৃ | টে | টৈ | টো | টৌ |
| ঠ | ঠা | ঠি | ঠী | ঠু | ঠূ | ঠৃ | ঠে | ঠৈ | ঠো | ঠৌ |



## কারচিহ্ন মিলিয়ে পড়ি

| ড | ডা | ডি | ডী | ডু | ডূ | ডৃ | ডে | ডৈ | ডো | ডৌ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ঢ | ঢা | ঢি | ঢী | ঢু | ঢূ | ঢৃ | ঢে | ঢৈ | ঢো | ঢৌ |
| ণ | ণা | ণি | ণী | ণু | ণূ | ণৃ | ণে | ণৈ | ণো | ণৌ |
| ত | তা | তি | তী | তু | তূ | তৃ | তে | তৈ | তো | তৌ |
| থ | থা | থি | থী | থু | থূ | থৃ | থে | থৈ | থো | থৌ |
| দ | দা | দি | দী | দু | দূ | দৃ | দে | দৈ | দো | দৌ |
| ধ | ধা | ধি | ধী | ধু | ধূ | ধৃ | ধে | ধৈ | ধো | ধৌ |
| ন | না | নি | নী | নু | নূ | নৃ | নে | নৈ | নো | নৌ |
| প | পা | পি | পী | পু | পূ | পৃ | পে | পৈ | পো | পৌ |
| ব | বা | বি | বী | বু | বূ | বৃ | বে | বৈ | বো | বৌ |
| ম | মা | মি | মী | মু | মূ | মৃ | মে | মৈ | মো | মৌ |



## কারচিহ্ন মিলিয়ে পড়ি

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| য | যা | যি | যী | যু | যূ | | যে | যৈ | যো | যৌ |
| র | রা | রি | রী | রু | রূ | | রে | রৈ | রো | রৌ |
| ল | লা | লি | লী | লু | লূ | | লে | লৈ | লো | লৌ |
| শ | শা | শি | শী | শু | শূ | শৃ | শে | শৈ | শো | শৌ |
| ষ | ষা | ষি | ষী | ষু | ষূ | | ষে | ষৈ | ষো | ষৌ |
| স | সা | সি | সী | সু | সূ | সৃ | সে | সৈ | সো | সৌ |
| হ | হা | হি | হী | হু | হূ | হৃ | হে | হৈ | হো | হৌ |
| ড় | ড়া | ড়ি | ড়ী | ড়ু | ড়ূ | | ড়ে | ড়ৈ | ড়ো | ড়ৌ |
| ঢ় | ঢ়া | ঢ়ি | ঢ়ী | ঢ়ু | ঢ়ূ | | ঢ়ে | ঢ়ৈ | ঢ়ো | ঢ়ৌ |
| য় | য়া | য়ি | য়ী | য়ু | য়ূ | | য়ে | য়ৈ | য়ো | য়ৌ |





# মাছের মেলা

## ছবি দেখি ও গল্প পড়ি।



চলনবিলে মেলা বসেছে।
অনেক রকম মাছের মেলা।



বক মেলায় যাবে।
লাল জামা পরে মেলায় যাবে।



বক ইলিশ মাছ খাবে না।
বক বলে পুঁটি মাছ খাবো।



বকের মা একটা মাছ কিনে দেন।
বক গাপুস গুপুস করে মাছ খায়।

## পড়ি ও লিখি



লোপা বসে ছোলা খায়।



ঢোল হাতে খোকা যায়।

# শখের বাগান

## পড়ি

আজ শুক্রবার। স্কুল ছুটির দিন। ঐশী ও ওমর বাগানে কাজ করছে। বাগানের এক পাশে লাগানো হয়েছে ফুল গাছ। আরেক পাশে আছে নানা রকম সবজি। ওরা প্রতিদিন গাছে পানি দেয়।



দাদিমা এসেছেন ওদের বাগান দেখতে। ওরা ঘুরে ঘুরে দাদিমাকে বাগান দেখায়। বাগান দেখে তিনি খুব খুশি। বললেন, তোমাদের বাগান অনেক সুন্দর। ওরা বলল, তুমিও খুব সুন্দর দাদিমা। আমরা তোমাকে অনেক ভালোবাসি।

## ১. নতুন শব্দ লিখি ও পড়ি

## ২. ঘর থেকে শব্দ নিয়ে ছবির নিচে লিখি।

| আলু | শসা | মাছ | জবা | ডাব | পাখি |
|---|---|---|---|---|---|
|  |  |  |  |  |  |
| | | | | | |

## ৩. যুক্তবর্ণ দিয়ে তৈরি করা নতুন শব্দ পড়ি ও ভেঙ্গে লিখি।

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| স্কুল | স্ক | → | স | ক | | |
| | | → | | | | |
| সুন্দর | ন্দ | → | ন | দ | | |
| | | → | | | | |
| প্রতিদিন | প্র | → | প | ↳ | র–ফলা | |
| | | → | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| শুক্রবার | ক্র | → | ক | ↳ |
| | | → | | |
| সপ্তাহ | প্ত | → | প | ত |
| | | → | | |

## ৪. এলোমেলো বর্ণ থেকে শব্দ তৈরি করি, লিখি ও পড়ি।



| | |
|---|---|
| ছ | গা |



| | | |
|---|---|---|
| গা | ন | বা |



| | | |
|---|---|---|
| ব | জি | স |



| | | |
|---|---|---|
| মা | দি | দা |

## ৫. খালি ঘরে শব্দ বসিয়ে বাক্য তৈরি করি।

| | | | |
|---|---|---|---|
| সুন্দর | প্রতিদিন | খুশি | শুক্রবার |

ক) আমি _____দাঁত মাজি।

খ) তার ছবি আঁকা অনেক _____হয়েছে।

গ) আমাকে দেখে নানা ভীষণ _____।

ঘ) _____স্কুল ছুটি থাকে।

## ৬. শব্দগুলো দিয়ে বাক্য লিখি।

ক) বাগান : _____

খ) ফুল : _____

গ) সুন্দর : _____

ঘ) স্কুল : _____



## ৭. ছবির নিচের বাক্য পড়ি ও লিখি।



জেলে নদীতে মাছ ধরে



জালে মাছ ধরা পড়েছে।

## ৮. ছবি দেখি ও ৩টি বাক্য লিখি।



৯. ইচ্ছেমতো ছবি আঁকি ও গল্প লিখি।

মূল্যায়ন–১

তারিখ :

মূল্যায়ন–১ তারিখ :

শিক্ষার্থীর নাম : .....শ্রেণি : .....

রোল নম্বর : .....শাখা : .....

## ১. খালি ঘরে শব্দ বসিয়ে বাক্য তৈরি করি।

| | | | | |
|---|---|---|---|---|
| দাঁত | পানি | স্কুল | সকালে | খেলা |

ক) আমি প্রতিদিন বাগানে _____ দিই।

খ) শুক্রবার _____ বন্ধ।

গ) আমি প্রতিদিন _____ পরিষ্কার করি।

ঘ) আমি বিকালে _____ করি।

ঙ) আমার মা অনেক _____ ঘুম থেকে উঠেন।

## ২. ছবি দেখে তিনটি বাক্য লিখি।



_____

_____

_____



# আমি হব

কাজী নজরুল ইসলাম

## পড়ি ও নতুন শব্দের নিচে দাগ দিই

আমি হব সকাল বেলার পাখি।
সবার আগে কুসুমবাগে
উঠব আমি ডাকি।
সুয্যি মামা জাগার আগে
উঠব আমি জেগে,
হয় নি সকাল, ঘুমো এখন,
মা বলবেন রেগে।
বলব আমি– আলসে মেয়ে!
ঘুমিয়ে তুমি থাক,
হয় নি সকাল, তাই বলে কি
সকাল হবে না ক!
আমরা যদি না জাগি মা
কেমনে সকাল হবে?
তোমার ছেলে উঠলে গো মা
রাত পোহাবে তবে।

(সংক্ষেপিত)



## ১. শব্দগুলোর অর্থ জেনে নিই।



সূয্যি – সূর্য, রবি

বাগ – বাগান, বাগিচা

কুসুম – ফুল

সুয্যি মামা – সূর্যকে আদর করে মামা ডাকা হয়েছে

আলসে – অলস, কুঁড়ে

## ২. শব্দগুলোর অর্থ লিখি।

কুসুম – _____

আলসে – _____

সুয্যি মামা – _____

বাগ – _____

আলসে – _____

## ৩. যুক্তবর্ণগুলো চিনে নিই। যুক্তবর্ণ দিয়ে তৈরি করা নতুন শব্দ পড়ি ও খালি ঘরে লিখি।

সূয্যি য্য → য ্য (য-ফলা)

☐ → ☐ ☐

শয্যা য্য → য ্য (য-ফলা)

☐ → ☐ ☐

## ৪. বিপরীত শব্দ জেনে নিই ও ফাঁকা জায়গায় ঠিক শব্দ বসিয়ে বাক্য তৈরি করি।

| শব্দ | বিপরীত শব্দ |
|---|---|
| সকালে | বিকালে |
| ঘুমিয়ে | জেগে |
| রাতে | দিনে |
| আগে | পরে |

ক) আমি প্রতিদিন _____ খেলতে যাই।

খ) রাতে আমরা _____ যাই।

গ) সূর্য _____ দেখা যায়।

ঘ) আমি খাওয়ার _____ হাত ধুই।

## ৫. শব্দের অর্থ লিখি।

| শব্দ | অর্থ |
|---|---|
| সুয্যি | |
| বাগ | |
| কুসুম | |



## ৬. প্রশ্নের উত্তর লিখি।

ক) কে সকাল বেলার পাখি হতে চায়?

উত্তর : _____

খ) মা রাগ করে কী বলবেন?

উত্তর : _____

গ) খোকা মাকে আলসে মেয়ে বলছে কেন?

উত্তর : _____

ঘ) আমি কখন ঘুম থেকে উঠি?

উত্তর : _____

মূল্যায়ন–২

তারিখ :

মূল্যায়ন–২ তারিখ :

শিক্ষার্থীর নাম : .....শ্রেণি : .....

রোল নম্বর : .....শাখা : .....

## ১. মাছের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি।




ক) আমি প্রতিদিন _____ নয়টায় স্কুলে যাই।

খ) রাত পোহালে আমি _____ উঠি।

গ) _____ হলে আকাশে অনেক তারা দেখা যায়।

ঘ) আমি রাতে ঘুমাতে যাওয়ার _____ দাঁত পরিষ্কার করি।

## ছবি দেখি ও উত্তর লিখি।





ক) ছবিতে কী কী ফল আছে?

উত্তর : _____

খ) ছবিতে কী কী ফুল আছে?

উত্তর : _____

গ) তোমার প্রিয় ফল কোনটি?

উত্তর : _____

# নানা রঙের ফুল

## পড়ি, নতুন শব্দের নিচে দাগ দিই।

আমাদের দেশ ফুলের দেশ। নানা রঙের ও
নানা রকমের ফুল দেখা যায় সারা বছর জুড়ে।

গোলাপ ফোটে সারা বছর। লাল,
সাদা, গোলাপি বিভিন্ন রঙের।
গোলাপের সুগন্ধ আছে।

লাল রং নিয়ে ফোটে কৃষ্ণচূড়া,
শিমুল, পলাশ। এগুলো দেখতে খুবই
সুন্দর কিন্তু সুবাস নেই।

বেলি, রজনীগন্ধা, কামিনী,
গন্ধরাজ, হাসনাহেনা, দোলনচাঁপা
ও শিউলিও ফোটে অনেক। এগুলোর
মিষ্টি গন্ধ মন ভরিয়ে দেয়। এসব ফুলের
রং সাদা। টগর ও কাশফুলও সাদা।

## ১. শব্দগুলোর অর্থ জেনে নিই ও লিখি।

| শব্দ | অর্থ |
|---|---|
| সুগন্ধ | সুবাস, যার ভালো গন্ধ আছে। |
| বিভিন্ন | নানা রকম |

## ২. শব্দগুলো দিয়ে বাক্য লিখি।

সুগন্ধ _____

নানা রকম _____

প্রজাপতি _____

## ৩. যুক্তবর্ণগুলো চিনে নিই ও খালি ঘরে লিখি।

| | | | | |
|---|---|---|---|---|
| সুগন্ধ | ন্ধ | → | ন | ধ |
| | | → | | |
| কৃষ্ণচূড়া | ষ্ণ | → | ষ | ণ |
| | | → | | |
| মিষ্টি | ষ্ট | → | ষ | ট |
| | | → | | |

| | | | | |
|---|---|---|---|---|
| সুন্দর | ন্দ | → | ন | দ |
| | | → | | |
| কিন্তু | ন্ত | → | ন | ত |
| | | → | | |
| বিভিন্ন | ন্ন | → | ন | ন |
| | | → | | |

## ৫. প্রশ্নগুলোর উত্তর লিখি।



ক) কোন কোন ফুলে গন্ধ নেই?

উত্তর : _____

খ) কোন ফুল সারা বছর ফোটে?

উত্তর : _____



গ) কী কী ফুল সাদা রঙের হয়?

উত্তর : _____

ঘ) কোন কোন ফুলের সুবাস নেই?

উত্তর : _____

## ৪. আমার পছন্দের একটি ফুল নিয়ে তিনটি বাক্য লিখি।

_____

_____

_____

_____

মূল্যায়ন–৩

তারিখ :

মূল্যায়ন–৩ তারিখ :

শিক্ষার্থীর নাম : .....শ্রেণি : .....

রোল নম্বর : .....শাখা : .....

## ১. ছবি দেখি, ফুলের নাম ও রঙের নাম লিখি

| ছবি | ফুলের নাম | রঙের নাম |
|---|---|---|
|  | | |
|  | | |
|  | | |
|  | | |

# আমাদের ছোট নদী

রবীন্দ্রনাথ ঠাকুর

আমাদের ছোট নদী চলে বাঁকে বাঁকে,
বৈশাখ মাসে তার হাঁটুজল থাকে।
পার হয়ে যায় গরু, পার হয় গাড়ি,
দুই ধার উঁচু তার, ঢালু তার পাড়ি।



চিকচিক করে বালি, কোথা নাই কাদা,
এক ধারে কাশবন ফুলে ফুলে সাদা।
কিচিমিচি করে সেথা শালিকের ঝাঁক,
রাতে ওঠে থেকে থেকে শেয়ালের হাঁক।

তীরে তীরে ছেলেমেয়ে নাহিবার কালে
গামছায় জল ভরি গায়ে তারা ঢালে।
সকালে বিকালে কভু নাওয়া হলে পরে
আঁচলে ছাঁকিয়া তারা ছোট মাছ ধরে।

আষাঢ়ে বাদল নামে, নদী ভরো ভরো,
মাতিয়া ছুটিয়া চলে ধারা খরতর।
দুই কূলে বনে বনে পড়ে যায় সাড়া,
বরষার উৎসবে জেগে ওঠে পাড়া।

## ১. ও যুক্তশব্দগুলো পড়ি ও তিনবার করে লিখি।

বাঁকে

হাঁটু

ঝাঁক

উঁচু

হাঁক

## ২. নতুন শব্দের অর্থ জেনে নিই।

| শব্দ | অর্থ |
|---|---|
| পাড়ি | পাড় |
| ঢালু | নিচু |
| হাঁক | চিৎকার করে ডাকা |

| শব্দ | অর্থ |
|---|---|
| বাদল | বৃষ্টি |
| উৎসব | আনন্দের অনুষ্ঠান |
| সাড়া | শোরগোল বা আলোড়ন |

## ৩. ঘরের ভিতরের শব্দগুলো খালি ঘরে বসিয়ে বাক্য তৈরি করি।

| | | | | |
|---|---|---|---|---|
| ধারে | চিকচিক | হাঁক | হাঁটুজলে | সাদা |

ক) ছেলে মেয়েরা _____ মাছ ধরছে।

খ) রোদে বালি _____ করে।

গ) কাশবন ফুলে ফুলে _____ হয়ে উঠে।

ঘ) রাতে শিয়ালের _____ শোনা যায়।

ঙ) নদীর_____ নৌকা বাঁধা রয়েছে।



## ৪. শব্দগুলোর অর্থ লিখি

| শব্দ | অর্থ |
|---|---|
| হাঁক | |
| পাড়ি | |

## ৫. বাক্য তৈরি করি।

চিকচিক _____

কাশবন _____

হাঁটুজল _____

## ৬. প্রশ্নের উত্তর লিখি।

ক) বাঁকে বাঁকে কী বয়ে যায়?

উত্তর : _____

খ) কিচিমিচি করে কারা?

উত্তর : _____

গ) নদীতে কীভাবে ছেলে মেয়েরা মাছ ধরে?

উত্তর : _____

ঘ) কখন উৎসবে পাড়া জেগে উঠে?

উত্তর : _____



মূল্যায়ন–৪

তারিখ :

মূল্যায়ন–৪ তারিখ :

শিক্ষার্থীর নাম : .....শ্রেণি : .....

রোল নম্বর : .....শাখা : .....

## ১. ৩ যুক্ত তিনটি শব্দ লিখি।

| | | |
|---|---|---|
| ক. | খ. | গ. |

## ২. শব্দের অর্থ লিখি।

| শব্দ | ঢালু | বাদল | উৎসব |
|---|---|---|---|
| অর্থ | | | |

## ৩. ঘরের ভিতরের শব্দগুলো নিয়ে কবিতার দুটি লাইন লিখি।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| বাঁকে | চলে | আমাদের | নদী | বাঁকে | ছোট |
| তার | মাসে | থাকে | বৈশাখ | হাঁটুজল | |

# দাদির হাতে মজার পিঠা

## পড়ি ও নতুন শব্দের নিচে দাগ দিই।



বাংলাদেশে শীতকালে পিঠাপুলি খাওয়ার ধুম পড়ে যায়। এ সময় ঘরে ঘরে ওঠে নতুন ধান। ঢেঁকিতে ধান ভানা হয়। ধান ভানার পর সেই চাল গুঁড়ো করা হয়। তা দিয়ে তৈরি হয় নানা ধরনের পিঠা। নানা ধরনের অনুষ্ঠানে পিঠা খাওয়া হয়।

এসব পিঠার সুন্দর সুন্দর নাম আছে। যেমন : খেজুর পিঠা, চুষি পিঠা, বিবিখানা পিঠা, চিতই পিঠা, ছিট পিঠা, সেমাই পিঠা, ভাপা পিঠা, দুধচিতই পিঠা, পাটিসাপটা, পুলি, নারকেল পিঠা। এমনি নানা নামের পিঠা। শীতকালে গরম গরম পিঠার মজাই আলাদা।

## ১. নতুন শব্দগুলো লিখি।

## ২. যুক্তবর্ণগুলো চিনে নিই। যুক্তবর্ণ দিয়ে তৈরি করা নতুন শব্দ পড়ি।

অনুষ্ঠান – ষ্ঠ, ষ+ঠ  কাষ্ঠ, পৃষ্ঠা
সুন্দর – ন্দ, ন+দ  বিন্দু, আনন্দ

## ৩. উত্তর বলি ও লিখি

ক) কখন পিঠাপুলি খাওয়ার ধুম পড়ে?

উত্তর : _____

খ) অনুষ্ঠানে কী কী পিঠা খাওয়া হয়?

উত্তর : _____



গ) ধান ভানা হয় কী দিয়ে?

উত্তর : _____

ঘ) কোন সময়ে গরম পিঠা খেতে মজা লাগে?

উত্তর : _____

## ৪. পড়ি ও নতুন শব্দগুলোর নিচে দাগ দিই।

শীতের ছুটিতে তুলি আর তপু যায় নিজেদের গ্রামের বাড়ি। ঘুম থেকে উঠে তারা দেখে দাদি পিঠা তৈরি করছেন।

**তুলি :** দাদিমা, এটা কী পিঠা?

**দাদি :** এটাকে বলে ভাপা পিঠা।

**তপু :** ভাপা পিঠা বানাতে কী কী লাগে?

**দাদি :** চালের গুঁড়ো, খেজুরের গুড় আর কোরা নারিকেল।



এরই মধ্যে দাদি পিঠা বানানোর ছাঁচে চালের গুঁড়ো নিলেন। তার ভিতরে দিলেন গুড় আর কোরা নারকেল। উনুনে পানির হাঁড়ির উপর সেই ছাঁচ রাখলেন। ভাপে সিদ্ধ হলো পিঠা।

## ৫. নতুন শব্দগুলো লিখি ও পড়ি।

## ৬. ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি।

| | | | |
|---|---|---|---|
| পিঠা | কোরা নারকেল | গ্রামের | হাঁড়ির |

ক) ভাপা পিঠা বানাতে লাগে চালের গুঁড়ো, খেজুরের গুড় আর _____।

খ) শীতের ছুটিতে তুলি আর তপু যায় নিজেদের _____ বাড়ি।

গ) দাদি উনুনে পানির _____ উপরে সেই ছাঁচ রাখলেন।

ঘ) ভাপে সিদ্ধ হলো _____।

## ৭. যুক্তবর্ণগুলো চিনে নিই। যুক্তবর্ণগুলো দিয়ে তৈরি করা নতুন শব্দ পড়ি ও লিখি।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| গ্রাম | গ্র | → | গ | ম | পাত্র, ছাত্র |
| | | → | | | |
| সিদ্ধ | দ্ধ | → | দ | ধ | বিদ্ধ, শুদ্ধ |
| | | → | | | |

## ৮. ছবি দেখি ও গল্প লিখি।



## ৯. ছবির নিচে পিঠার নাম লিখি।









## ১০. আমার প্রিয় পিঠা সম্পর্কে তিনটি বাক্য লিখি।

মূল্যায়ন–৫ তারিখ :



শিক্ষার্থীর নাম : .....শ্রেণি : .....

রোল নম্বর : .....শাখা : .....

তারিখ :

## ১. যুক্তবর্ণগুলো ভেঙ্গে দেখাই ও নতুন শব্দ লিখি।

| যুক্তবর্ণ | ভেঙ্গে দেখানো | | নতুন শব্দ |
|---|---|---|---|
| ষ্ঠ | | | |
| ন্দ | | | |
| গ্র | | | |

## ২. প্রশ্নগুলোর উত্তর লিখি।

ক) কখন পিঠাপুলি খাওয়ার ধুম পড়ে? উত্তর :_____

খ) অনুষ্ঠানে কী কী পিঠা খাওয়া হয়? উত্তর :_____

গ) ধান ভানা হয় কী দিয়ে? উত্তর :_____

ঘ) ভাপে সিদ্ধ পিঠাকে কী পিঠা বলে? উত্তর :_____

ঙ) ভাপা পিঠা বানাতে কী কী লাগে? উত্তর :_____



# দুখুর ছেলেবেলা

## পড়ি ও নতুন শব্দের নিচে দাগ দিই।

গ্রামের নাম চুরুলিয়া। পাড়ার ছেলেদের সাথে খেলা করে এক কিশোর ছেলে। নাম তার দুখু। মাথায় ঝাঁকড়া চুল। চোখ দুটো বড় বড়। পাড়ার ছেলেদের নিয়ে খেলা করে। বনে–বাদাড়ে ঘুরে বেড়ায়। তাল পুকুরের টলটলে পানিতে সাঁতার কাটে।

চুরুলিয়া গ্রাম গাছপালায় ঘেরা। গাছে গাছে পাখি ডাকে। পাখির ডাকে দুখুর ঘুম ভাঙে। দুখু ভাবে, আমি যদি সকাল বেলার পাখি হতাম।

## ১. নতুন শব্দ লিখি ও পড়ি।

## ২. নিচের শব্দগুলোর অর্থ জেনে নিই ও লিখি।

| শব্দ | অর্থ |
|---|---|
| ঝাঁকড়া | ঘন গোছা |
| বাদাড় | জঙ্গল |
| টলটলে | পরিষ্কার |

| লিখি |
|---|
| |
| |
| |

## ৩. ঘরের ভিতরের শব্দগুলো খালি ঘরে বসিয়ে বাক্য তৈরি করি।

| | | | |
|---|---|---|---|
| বাদাড়ে | টলটলে | ঝাঁকড়া | ঘুম |

ক) তাল পুকুরের পানি _____।

খ) দুখু বনে _____ ঘুরে বেড়ায়।

গ) নজরুলের মাথায় ছিল _____ চুল।

ঘ) পাখির ডাকে দুখুর _____ ভাঙে।



## ৪. পড়ি ও নতুন শব্দের নিচে দাগ দিই।

সবুজ গ্রামে গরমের সময় নানা রকম ফল পাকে। সবুজ পাতার মধ্যে ডাঁশা ডাঁশা পেয়ারা। গাছের শাখায় শাখায় তরতর করে ঘুরে বেড়ায় কাঠবিড়ালি। পেয়ারা খায়। দুখু ভাবে, যদি কাঠবিড়ালি হতাম।

দুখুদের বাড়ির পাশে রয়েছে একটি মসজিদ। মসজিদের পাশেই আছে মকতব। সেই মকতবে দুখু লেখাপড়া করে। মুখে মুখে ছড়া বানায়। অন্যকে শোনায়।

## ৫. নতুন শব্দগুলো নিচে লিখি ও পড়ি।

## ৬. শব্দগুলোর অর্থ জেনে নিই ও লিখি।

| শব্দ | অর্থ | লিখি |
|---|---|---|
| ডাঁশা | আধপাকা | |
| মকতব | ছোটদের জন্য আরবি ফারসি শেখার বিদ্যালয়। | |

## ৭. জোড়া শব্দগুলো দিয়ে নতুন বাক্য তৈরি করি।

ডাঁশা ডাঁশা : _____

শাখায় শাখায় : _____

থোকা থোকা : _____

তরতর : _____



## ৮. ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গার বসিয়ে বাক্য তৈরি করি।

| ডাঁশা | জাতীয় | মকতব |
|---|---|---|

ক) দুখুদের গ্রামে একটা _____ ছিল।

খ) _____ পেয়ারা খেতে খুব মজা।

গ) শাপলা আমাদের _____ ফুল।



## ৯. উত্তর লিখি ও পড়ি।

ক) কাঠ বিড়ালি কোথায় ঘুরে বেড়ায়?

উত্তর : _____

খ) কাঠবিড়ালিকে দেখে দুখুর কী ইচ্ছে হয়?

উত্তর : _____

গ) দুখুদের পাড়ার পাশে কী রয়েছে?

উত্তর : _____

## ১০. পড়ি এবং নতুন শব্দের নিচে দাগ দিই।

দুখুর গানের গলাও ছিল সুরেলা। মুখে মুখে গান বেঁধে গাইত। সকলে গান শুনে মুগ্ধ হতো। কে এই দুখু? তিনি বাংলার নামকরা কবি কাজী নজরুল ইসলাম। ছোটদের জন্য তিনি অনেক লিখেছেন। লিখেছেন দেশের কথা, দেশের মানুষের কথা। তিনি আমাদের জাতীয় কবি।



## ১১. নতুন শব্দ লিখি ও পড়ি

## ১২. শব্দগুলোর অর্থ পড়ি ও অর্থ লিখি।

| শব্দ | অর্থ | লিখি |
|---|---|---|
| সুরেলা | খুব মধুর স্বর | |
| মুগ্ধ | অভিভূত | |
| জাতীয় | জাতির নিজস্ব | |

## ১৩. ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি।

| | | |
|---|---|---|
| মুগ্ধ | গানের | জাতীয় |

ক) দুখু মিয়ার গান শুনে সবাই _____ হতো।

খ) কাজী নজরুল ইসলাম আমাদের _____ কবি।

গ) দুখুর _____ গলাও ছিল সুরেলা।

## ১৪. ইচ্ছেমতো ছবি আঁকি ও গল্প লিখি।



মূল্যায়ন–৬

তারিখ :

মূল্যায়ন–৬ তারিখ :

শিক্ষার্থীর নাম : .....শ্রেণি : .....
রোল নম্বর : .....শাখা : .....

## ১. নিচের শব্দগুলোর অর্থ লিখি।

| শব্দ | অর্থ লিখি | শব্দ | অর্থ লিখি |
|---|---|---|---|
| ঝাঁকড়া | | মুগ্ধ | |
| ডাঁশা | | মকতব | |
| টলটলে | | জাতীয় | |

## ২. প্রশ্নগুলোর উত্তর লিখি।

ক) দুখুর গ্রামের নাম কী? উত্তর :_____

খ) কিসের ডাকে দুখুর ঘুম ভাঙে? উত্তর :_____

গ) দুখু দলবল নিয়ে কী করে? উত্তর :_____

ঘ) দুখুদের পাড়ার পাশে কী রয়েছে? উত্তর :_____

ঙ) আমাদের জাতীয় কবির নাম কী? উত্তর :_____

# অনুশীলন বই

# বাংলা

## দ্বিতীয় শ্রেণি

বিনামূল্যে বিতরণের জন্য

বাংলাদেশ কোভিড-১৯ স্কুল সেক্টর রেসপন্স (CSSR) প্রজেক্ট










